



## পশ্চিমবঙ্গ সরকার

প্রকল্প আধিকারিক তথা জেলা কল্যাণ আধিকারিক এর কার্যালয়

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ দপ্তর, পুরুলিয়া

ক্রমিক নং - ২৫৬২/বি ডি ওয়ু

তারিখ- ২০/১১/১৬

### আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য একলব্য আদর্শ আবাসিক বিদ্যালয়ে ভর্তির বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ অনগ্রসর শ্রেণী কল্যাণ দপ্তর দ্বারা পরিচালিত পুরুলিয়া জেলার মানবাজার ব্লক-২ এর অন্তর্গত শুশুনিয়া গ্রামে অবস্থিত শুধুমাত্র আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলে ইংরেজী মাধ্যমে ২০১৯ শিক্ষাবর্ষে ষষ্ঠ শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত নিম্নলিখিত সূচী অনুযায়ী ভর্তি প্রক্রিয়া শুরু হবে -

১) ফর্ম তোলা ও জমা	-	২২.১১.২০১৮ - ০৮.১২.২০১৮
২) ভর্তির পরীক্ষা	-	১২.১২.২০১৮
৩) পরীক্ষার ফল প্রকাশ	-	১৫.১২.২০১৮
৪) ভর্তির তারিখ	-	১৭.১২.২০১৮ - ২৭.১২.২০১৮
৫) পরীক্ষার সময়	-	১২.০০ (দুপুর)
৬) পরীক্ষার স্থান	-	একলব্য আদর্শ আবাসিক বিদ্যালয়, শুশুনিয়া, মানবাজার ব্লক-২, বোরো থানা, পুরুলিয়া।

আবেদনকারীর যোগ্যতা- ১) যে শ্রেণীতে ভর্তির আবেদন করবে তার পূর্ববর্তী শ্রেণী উত্তীর্ণকারী। ২) ছাত্র বা পিতার আদিবাসী শংসা পত্র প্রাপ্তকারী। ৩) ভারতীয় নাগরিক।

আবেদনপত্রের সঙ্গে আবশ্যিক সাটিফিকেট- ১) পূর্ববর্তী শ্রেণী উত্তীর্ণের সাটিফিকেট (প্রধান শিক্ষকের স্বাক্ষরিত) ২) আদিবাসী শংসাপত্র (পিতা বা ছাত্রের) মহকুমা শাসক দ্বারা প্রদত্ত। ৩) স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র (প্রধান বা পৌরপিতা দ্বারা প্রদত্ত)।

সম্ভাব্য আসনসংখ্যা:-

শ্রেণী	বালক	বালিকা
ষষ্ঠ	৩০	৩০
সপ্তম	০২	০২
অষ্টম	০২	০২
নবম	০০	০৪
মোট	৩৪	৩৮

### সুযোগ সুবিধা :

\* এই আবাসিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের পড়াশোনা, থাকা-খাওয়া, কোচিং, বিদ্যালয়ের পোশাক, শরীরচর্চা, সেমিনার ইত্যাদির জন্য কোন টাকা লাগে না।

\* অসাধারণ প্রাকৃতিক সৌন্দর্যের মধ্যে অবস্থিত এই বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের জন্য পৃথকভাবে উন্নতমানের হস্টেল পরিকাঠামো রয়েছে।

\* ছাত্র-ছাত্রীদের খাওয়ার জন্য পৃথকভাবে উন্নতমানের ডাইনিং রুমের ব্যবস্থা রয়েছে।

(২)

- \* ২৪ ঘন্টা বিদ্যুৎ ও পানীয় জলের সুবিধা আছে।
- \* মডার্ন কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয় আছে এবং প্রতি শ্রেণীতে কম্পিউটার বিষয় পঠন-পাঠনের সুব্যবস্থা আছে।
- \* প্রতি সপ্তাহে আভিজ্ঞ ও সুচিকিৎসক দ্বারা প্রতি ছাত্র-ছাত্রীর মেডিক্যাল চেক-আপ এবং বিনামূল্যে প্রয়োজনীয় ঔষধ সরবরাহ করা হয়।
- \* উচ্চ-মাধ্যমিক স্তরে বিজ্ঞান ও কলা বিভাগে উন্নতমানের ল্যাবরেটরি (প্রতি বিষয়ে আলাদাভাবে) ব্যবস্থা রয়েছে।
- \* উন্নতমানের গ্রন্থাগারের সুবিধা রয়েছে।
- \* প্রোজেক্টের সহযোগে শিক্ষণের ব্যবস্থা আছে।
- \* ২০০৬ সাল থেকে ২০১৮ সাল পর্যন্ত মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক স্তরে পাশের হার ৯০% এর উপরে।
- \* ছাত্র-ছাত্রীদের জন্য পৃথকভাবে সঙ্গীত শেখার ব্যবস্থা আছে।
- \* অভিজ্ঞ ও প্রশিক্ষিত শিক্ষক শিক্ষিকা দ্বারা যত্ন-সহকারে, স্নেহশীলভাবে এই বিদ্যালয়ে পঠন-পাঠন, সাংস্কৃতিক অনুষ্ঠান, খেলাধুলা ইত্যাদি সুন্দরভাবে সুসম্পন্ন করা হয়ে থাকে।
- \* যে সমস্ত ছাত্র-ছাত্রী ফিডার সকুলে পঞ্চম শ্রেণী থেকে ষষ্ঠ শ্রেণীতে উন্নীত হবে তাদেরও প্রবেশিকা পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে, তবেই তারা ভর্তির সুযোগ পাবে।

এছাড়া বিস্তারিত জানতে বিদ্যালয়ে যোগাযোগ করুন (রবিবার বাদে) -

ফোন নং- ৯৮৩২২৬০০৪০ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক- অভ্রদীপ সামন্ত



প্রকল্প আধিকারিক তথা জেলা কল্যাণ আধিকারিক  
অনগ্রসর সম্প্রদায় কল্যাণ দপ্তর, পুরুলিয়া

ক্রমিক নং - ২৫৮২/বি.সি.স্কুলি

তারিখ- ২০/১১/১৮

অনুলিপি জ্ঞাতার্থে আধিকারিকদের নিকট প্রেরিত হইল-

- ১) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পুরুলিয়া জেলা পরিষদ, জেলা পরিষদের ওয়েবসাইটে নোটিশ আপলোডিং এর জন্য অনুরোধ করা হইল।
- ২-৫) মহকুমা শাসক, রঘুনাথপুর/মানবাজার/ঝালদা/পুরুলিয়া (সদর) মহকুমা, নোটিশ পাবলিশ করার জন্য অনুরোধ করা হইল।
- ৬-২৫) সমষ্টি উন্নয়ন আধিকারিক (সকল), জেলা- পুরুলিয়া নোটিশ পাবলিশ করার জন্য অনুরোধ করা হইল।
- ২৬) জেলা বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক), পুরুলিয়া নোটিশ পাবলিশ করার জন্য অনুরোধ করা হইল।
- ২৭) জেলা বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক), পুরুলিয়া নোটিশ পাবলিশ করার জন্য অনুরোধ করা হইল।
- ২৮) তথ্য সংস্কৃতি আধিকারিক ২ টি বাংলা পত্রিকায় (১ টি স্থানীয় ও ১ টি দৈনন্দিন পত্রিকায়) সংক্ষিপ্ত নোটিশ পাবলিশ করার জন্য অনুরোধ করা হইল।
- ২৯) ডি.আই.ও, এন.আই.সি, বিভাগীয় ওয়েবসাইটে সংক্ষিপ্ত নোটিশ আপলোডিং এর জন্য অনুরোধ করা হইল।



প্রকল্প আধিকারিক তথা জেলা কল্যাণ আধিকারিক  
অনগ্রসর সম্প্রদায় কল্যাণ দপ্তর, পুরুলিয়া

ভর্তির বিজ্ঞপ্তি

একনব্য আদর্শ আবাসিক বিদ্যালয়ে

ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশিত হল।

বিস্তারিত বিবরণের জন্যে নিম্নলিখিত

ওয়েবসাইটে দেখুন -[www.purulia.nic.in](http://www.purulia.nic.in)

ক্রমিক নং-১৩৬৯/বি.সি.ডব্লিউ.পি তারিখ - ২০/০২/২০২৬



প্রকল্প আধিকারিক তথা জেলা কল্যাণ আধিকারিক

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ দপ্তর, পুরুলিয়া।